বরাবর,

চেয়ারম্যান

৬ নং দোহাকুলা ইউনিয়ন পরিষদ

বাঘারপাড়া, যশোর।

বিষয়ঃ সুষ্ঠু বিচার পাইবার জন্য আবেদন।

| | |
|---|---|
| বাদী ঃ | বিবাদীঃ |
| হিরা খাতুন | ০১। শাহীন আলী |
| পিং-ফারুক হোসেন | ০২। মিন্টু হোসেন |
| গ্রামঃ শুকদেবনগর, ডাকঃ বহরমপুর | ০৩। লাবনী খাতুন |
| বাঘারপাড়া, যশোর। | সর্বপিং-আলেক মোল্যা |

০৪। হাসিনা বেগম

জং- আলেক মোল্যা

সর্বসাং+ডাক-তুলারামপুর

নড়াইল সদর, নড়াইল।

জনাব,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি বাদী আপনার ইউনিয়নের ৫ নং ওয়ার্ড শুকদেবনগর গ্রামের স্থায়ী বাসিন্দা। বিগত প্রায় ০৩ (তিন) বৎসর আগে ০১ নং বিবাদীর সাথে ইসলামী শরিয়ত, পারিবারিক ও সামাজিকভাবে আমার বিবাহ সম্পন্ন হয়। বিবাহের পরে আমাদের ঘর-সংসার খুব ভালভাবে চলছিল। তারই প্রেক্ষিতে আমাদের ঘরে একটি কন্যা সন্তান আসে। যাহার বর্তমান বয়স ০৮ (আট) বছর। ০২, ০৩ ও ০৪ নং বিবাদীর কু পরামর্শে ০১ নং বিবাদী আমার সাথে শারিরীক ও মানষিক নির্যাতন করে। নির্যাতনের মাত্রা দিন দিন বাড়তে থাকে। নির্যাতনের মাত্র এতই বেশী হয় যে এর বিগত দিনে অনেকবার আমি আমার পিতার বাড়ি চলে আসি এমনকি আমাকে আমার পিতা/মাতা নিজেরাই তাকে

আমাকে তাদের বাড়ী নিয়ে আসে। আর বারবার বিবাদীগণ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সাথে নির্যাতন না করবে মর্মে বলে আমাকে নিয়ে যায়। সর্বশেষ বিগত ০৩ (তিন) মাস আগে বিবাদীগণ আমাকে মারধর করে এবং অকর্থ ভাসায় গালিগারাজ করে, আমি নির্যাতন সহ্য করতে না পেরে আমি আমার পিতার বাড়ী চলে আসি। পিতার বাড়ি চলে আসলে তারা আমার সাথে কোন প্রকার যোগাযোগ করে না। এমনকি আমি ফোন করলে বলে আমি তোমাকে নিয়ে আর ঘর করব না। তুমি আমাকে আর জালাতন করবে না। এই ভাবে আমি আমার পিতার বাড়ি অবস্থান করছি। এখন আমি খুব নিরুপায় এবং হতাশ। তাই আমি নিরুপায় হইয়া আপনার স্বরণাপন্ন হইলাম।

অতএব, মহোদয় সমীপে আকুল আবেদন, আমি যাহাতে বিবাদী গণের সুষ্ঠু বিচার পাই তার সু-ব্যবস্থা গ্রহণ করিতে আপনার সদয় মর্জি হয়।

বিনীত নিবেদক

তারিখঃ ১৪/০৮/২০১৮

পিং-ফারুক হোসেন

গ্রামঃ শুকদেবনগর, ডাকঃ বহরমপুর

বাঘারপাড়া, যশোর।